

যঈফ ও জাল হাদিস

হাদিস নম্বরঃ ১১৩৪

১/ বিবিধ

আরবী

كان الرجل إذا طلق امرأته ثلاثا قبل أن يدخل بها جعلوها واحدة على عهد رسول الله صلى الله عليه وسلم، وأبي بكر، وصدرا من إمارة عمر، فلما رأى الناس قد تتابعوا فيها، قال (يعني عمر) : أجيزهن عليهم منكر بهذا السياق

أخرجه أبو داود (2199) وعنه البيهقي (7/338 - 339) : حدثنا محمد بن عبد الملك بن مروان: حدثنا أبو النعمان: حدثنا حماد بن زيد عن أيوب عن غير واحد عن طاووس

" أن رجلا يقال له: أبو الصهباء كان كثير السؤال لابن عباس قال: أما علمت أن الرجل كان إذا طلق امرأته ثلاثا قبل أن يدخل بها جعلوها واحدة على عهد رسول الله صلى الله عليه وسلم وأبي بكر وصدرا من إمارة عمر؟ وقال ابن عباس: بلى كان الرجل

قلت: وهذا إسناد معلول عندي بأبي النعمان واسمه محمد بن الفضل السدوسي ولقبه عارم، وهو وإن كان ثقة فقد كان اختلط، وصفه بذلك جماعة من الأئمة منهم أبو داود والنسائي والدارقطني وغيرهم، وقال ابن أبي حاتم في " الجرح والتعديل " (4/1/59) " سمعت أبي يقول: اختلط في آخر عمره، وزال عقله فمن سمع منه قبل الاختلاط فسماعه صحيح "

قلت: وهذا الحديث من رواية ابن مروان وهو أبو جعفر الدقيقي الثقة، ولا ندري أسمع

منه قبل الاختلاط أم بعده؟ وهذا عندي أرجح، فقد خولف عارم في إسناده ومتنه.
فرواه سليمان بن حرب عن حماد بن زيد فقال: عن أيوب عن إبراهيم ابن ميسرة عن
طاووس به، إلا أنه لم يذكر فيه
" قبل أن يدخل بها "

أخرجه مسلم (4/182) والبيهقي (7/336) . وقال ابن أبي شيبة (5/26) : نا عفان بن
مسلم قال: نا حماد بن زيد به

ورواه محمد بن أبي نعيم: نا حماد بن زيد به
أخرجه الدارقطني (443) ، وابن أبي نعيم صدوق
فهي زيادة شاذة إن لم نقل منكراً، تفرد بها عارم
ويؤكد ذلك أن عبد الله بن طاووس قد روى الحديث عن أبيه كما رواه سليمان بن
حرب بإسناده عنه بدون الزيادة

أخرجه مسلم والنسائي (2/96) والطحاوي (2/31) والدارقطني (444) والبيهقي
وأحمد (1/314) والحاكم أيضا (2/196) وقال

" صحيح على شرط الشيخين ولم يخرجاه " ، ووافقه الذهبي

قلت: وهو كما قال، إلا أنهما وهما في استدراكهما على مسلم

قلت: فهذه الروايات الصحيحة تدل على أن عارم إنما حدث بالحديث بعد الاختلاط،

ولذلك لم يضبطه، فلم يحفظ اسم شيخ أيوب فيه، وزاد تلك الزيادة فهي لذلك شاذة

غير محفوظة لمخالفتها الثقات فيها، وقد خفيت هذه العلة على العلامة ابن القيم؛

فصح إسناده الحديث في " زاد المعاد " (4/55) ، وانطلى ذلك على المعلق عليه

(5/249 و 251) ، وأعله المنذري في " مختصر السنن " (3/124) بقوله: الرواة عن

طاووس مجاهيل

وإذا عرفت ذلك فلا يجوز تقييد لفظ الحديث الصحيح بها، كما فعل البيهقي، بل ينبغي

تركه على إطلاقه فهو يشمل المدخول بها وغير المدخول بها، وإليك لفظ الحديث في

صحيح مسلم

" كان الطلاق على عهد رسول الله صلى الله عليه وسلم، وأبي بكر، وسنتين من خلافة عمر طلاق الثلاث واحدة، فقال عمر بن الخطاب: إن الناس قد استعجلوا في أمر قد كانت لهم فيه أناة، فلو أمضيناه عليهم، فأمضاه عليهم قلت: وهو نص لا يقبل الجدل على أن هذا الطلاق حكم محكم ثابت غير منسوخ لجريان العمل عليه بعد وفاته صلى الله عليه وسلم في خلافة أبي بكر، وأول خلافة عمر، ولأن عمر رضي الله لم يخالفه بنص آخر عنده بل باجتهاد منه ولذلك تردد قليلا أول الأمر في مخالفته كما يشعر بذلك قوله: " إن الناس قد استعجلوا.. فلو أمضيناه عليهم.. "، فهل يجوز للحاكم مثل هذا التساؤل والتردد لو كان عنده نص بذلك؟ وأيضا، فإن قوله: " قد استعجلوا " يدل على أن الاستعجال حدث بعد أن لم يكن، فرأى الخليفة الراشد، أن يمضيه عليهم ثلاثا من باب التعزيز لهم والتأديب، فهل يجوز مع هذا كله أن يترك الحكم المحكم الذي أجمع عليه المسلمون في خلافة أبي بكر وأول خلافة عمر، من أجل رأي بدا لعمر واجتهد فيه، فيؤخذ باجتهاده، ويترك حكمه الذي حكم هو به أول خلافته تبعا لرسول الله صلى الله عليه وسلم وأبي بكر؟ ! اللهم إن هذا لمن عجائب ما وقع في الفقه الإسلامي، فرجوعا إلى السنة المحكمة أيها العلماء، لا سيما وقد كثرت حوادث الطلاق في هذا الزمن كثرة مدهشة تنذر بشر مستطير تصاب به مئات العائلات.

وأنا حين أكتب هذا أعلم أن بعض البلاد الإسلامية كمصر وسوريا قد أدخلت هذا الحكم في محاكمها الشرعية، ولكن من المؤسف أن أقول: إن الذين أدخلوا ذلك من الفقهاء القانونيين لم يكن ذلك منهم بدافع إحياء السنة، وإنما تقليدا منهم لرأي ابن تيمية الموافق لهذا الحديث، أي إنهم أخذوا برأيه لا لأنه مدعم بالحديث، بل لأن المصلحة اقتضت الأخذ به زعموا، ولذلك فإن جل هؤلاء الفقهاء لا يدعمون أقوالهم واختياراتهم التي يختارونها اليوم بالسنة، لأنهم لا علم لهم بها، بل قد استغنوا عن ذلك بالاعتماد على آرائهم، التي بها يحكمون، وإليها يرجعون في تقدير المصلحة التي بها يستجيزون لأنفسهم أن يغيروا الحكم الذي كانوا بالأمس القريب به يدينون الله،

كمسألة الطلاق هذه، فالذي أوده أنهم إن غيروا حكما أوتركوا مذهباً إلى مذهب آخر، أن يكون ذلك اتباعاً منهم للسنة، وأن لا يكون ذلك قاصراً على الأحكام القانونية والأحوال الشخصية، بل يجب أن يتعدوا ذلك إلى عباداتهم ومعاملاتهم الخاصة بهم، فلعلهم يفعلون

বাংলা

১১৩৪। রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ও আবু বাকর (রাঃ)-এর যুগে এবং উমার (রাঃ)-এর খেলাফাত আমলের প্রথম দিকে কোন ব্যক্তি যখন তার স্ত্রীর সাথে মিলিত হওয়ার পূর্বেই তাকে তিন ত্বলাক (তালাক) দিতো তখন তারা সে তিন ত্বলাক (তালাক)কে এক ত্বলাক (তালাক) হিসেবে গণ্য করতো। ইবনু আব্বাস বলেনঃ হ্যাঁ, রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ও আবু বাকর (রাঃ)-এর যুগে এবং উমার (রাঃ)-এর খেলাফাত আমলের প্রথম দিকে কোন ব্যক্তি যখন তার স্ত্রীর সাথে মিলিত হওয়ার পূর্বেই তাকে তিন ত্বলাক (তালাক) দিতো তখন তারা সে তিন ত্বলাক (তালাক)কে এক ত্বলাক (তালাক) হিসেবে গণ্য করতো। অতঃপর উমার (রাঃ) যখন লোকদেরকে দেখলেন যে তারা এরূপ তিন ত্বলাক (তালাক) দেয়ার ক্ষেত্রে বাড়াবাড়ি করছে, তখন তিনি নির্দেশ দিয়ে বললেনঃ তোমরা তাদের বিপক্ষে তিন ত্বলাক (তালাক)ই গণ্য কর।

এ ভাষায় মুনকার।

হাদীসটি আবু দাউদ (২১৯৯) এবং তার থেকে বাইহাকী (৭/৩৩৮-৩৩৯) মুহাম্মাদ ইবনু আদিল মালেক ইবনে মারওয়ান সূত্রে আবুন নুমান হতে ... বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ এ সনদটি আবুন নুমানের কারণে ত্রুটিযুক্ত। তার নাম মুহাম্মাদ ইবনুল ফাযল আস-সাদুসী আর তার উপাধি হচ্ছে আরেম। যদিও তিনি নির্ভরযোগ্য কিন্তু তার মস্তিষ্ক বিকৃতি ঘটেছিল। তার এ সমস্যার কথা একদল ইমাম উল্লেখ করেছেন যাদের মধ্যে আবু দাউদ, নাসাঈ, দারাকুতনী প্রমুখ ইমাম রয়েছেন। আর ইবনু আবী হাতিম "আল-জারহু অত-তা'দীল" গ্রন্থে (৪/১/৫৯) বলেনঃ আমি আমার পিতাকে বলতে শুনেছিঃ তার শেষ বয়সে মস্তিষ্ক বিকৃতি ঘটেছিল, তিনি জ্ঞান শূন্য হয়ে গিয়েছিলেন। ফলে যিনি তার নিকট থেকে মস্তিষ্ক বিকৃতির পূর্বে শুনেছেন তার শ্রবণ সহীহ।

আমি (আলবানী) বলছিঃ এ হাদীসটি ইবনু মারইয়াম আবু জাফর আদ-দাকীকীর বর্ণনায় বর্ণিত হয়েছে। জানিনা হাদীসটি তিনি মস্তিষ্ক বিকৃতির পূর্বে শুনেছেন নাকি পরে শুনেছেন?

এ আরেম কর্তৃক বর্ণিত হাদীসের সনদ এবং ভাষার বিরোধিতা করে অন্য যে সূত্রে হাদীসটি বর্ণিত হয়েছে তাতে "স্ত্রীর সাথে মিলিত হওয়ার পূর্বে" কথাটি নেই।

আর এটিকে ইমাম মুসলিম (১৪৭২) ও বাইহাকী (৭/৩৩৬) বর্ণনা করেছেন। অতএব এ হাদীসটি উক্ত বাড়তি

কথার কারণে শায় যদিও মুনকার না হয়। কারণ সহীহ বর্ণনার মধ্যে উক্ত বাড়তি কথাটি নেই। যেটিকে ইমাম মুসলিম ছাড়াও ইমাম নাসাঈ (৩৪০৬), তহাবী (২/৩১), দারাকুতনী (৪৪৪), আহমাদ (১/৩১৪) ও হাকিমও (২/১৯৬) বর্ণনা করেছেন।

উক্ত হাদীস গ্রন্থসমূহের সহীহ বর্ণনাগুলো থেকে প্রমাণিত হচ্ছে যে, আরেম মস্তিষ্ক বিকৃতির পরে উক্ত বর্ণিত অংশসহ বর্ণনা করেছেন। ইবনুল কাইয়্যিম আল-জাওযিয়াহ-র নিকট আলোচ্য হাদীসের সনদের উক্ত সমস্যা গোপন থেকে যাওয়ায় তিনি "যাদুল মাদ" গ্রন্থে (৪/৫৫) (বর্ণিত অংশসহ) হাদীসটির সনদকে সহীহ আখ্যা দিয়েছেন। কিন্তু তার এ মন্তব্য সঠিক নয়। আর এ কারণেই ত্বলাক (তালাক)প্রাপ্ত স্ত্রীর সাথে স্বামী মিলিত হয়ে থাক আর মিলিত না হয়ে থাক উভয় ক্ষেত্রে একই বিধান।

এখানে একটি বিষয় স্পষ্ট হওয়া উচিত যে, হুকুম রহিত না হয়ে যাওয়া সুপ্রতিষ্ঠিত নীতি যার উপরে রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম, আবু বাকর (রাঃ) ও উমার (রাঃ)-এর খেলাফাতের প্রথম দু'বছর আমল হয়ে এসেছে, উমার (রাঃ) কি অন্য কোন দলীলের কারণে সে বিধানের বিরোধিতা করলেন? নাকি তিনি তার ইজতিহাদের দ্বারা তা করলেন? বাস্তবতা এই যে, তিনি তার ইজতিহাদের দ্বারাই করেছেন, কারণ প্রাথমিক পর্যায়ে তিনি দ্বিধাদ্বন্দ্বে পড়েছিলেন। কারণ তিনি বলেছিলেনঃ “লোকেরা বাড়াবাড়ি শুরু করেছে আমরা যদি তিন ত্বলাক (তালাক) হয়ে যাওয়ার বিধান চালু করে দিই ...”।

উমার (রাঃ) যে বলেছিলেনঃ 'লোকেরা বাড়াবাড়ি শুরু করেছে' তার এ কথা প্রমাণ করছে যে, পূর্বে এরূপ অবস্থা ছিল না। তাই তিনি শিষ্টাচার শিক্ষা দেয়া এবং শাস্তির উদ্দেশ্যেই এ বিধান চালু করেছিলেন। কিন্তু তার এ ইজতিহাদী সিদ্ধান্তের কারণে 'সুপ্রতিষ্ঠিত বিধান যার উপরে তিনযুগেই সকল মুসলিমগণের ইজমা হয়েছিল এরূপ বিধানকে সম্পূর্ণরূপে ছেড়ে দিয়ে তার ইজতিহাদকে গ্রহণ করা কি জায়েয হবে?

যদি এরূপ ভাবা হয় তাহলে ইসলামী ফিকহের মধ্যে তা হবে সংঘটিত হয়ে যাওয়া এক অদ্ভুত ঘটনা। হে আলেম সমাজ! আপনারা সুপ্রতিষ্ঠিত সুন্নাহী বিধানের দিকে ফিরে আসুন। প্রতিষ্ঠিত সুন্নাহকে ছেড়ে দিয়ে উমার (রাঃ) কর্তৃক ইজতিহাদী সিদ্ধান্তকেই প্রকৃত বিধান হিসেবে রূপায়িত করা হবে মারাত্মক ভুল সিদ্ধান্ত। কারণ এরূপ করা হলে পরবর্তী যুগের শাসকদেরকেও অন্য কোন বিধানের ক্ষেত্রে উদ্ভূত পরিস্থিতিতে কিছু পরিবর্তন করা তো যায় যেহেতু উমার (রাঃ) করেছিলেন এরূপ সুযোগ দেয়া হয়ে যেতে পারে। উমার (রাঃ) যা করেছিলেন তা তিনি তার ইজতিহাদ দ্বারাই করেছিলেন আর একজন মুজতাহিদের সিদ্ধান্ত সঠিকও হতে পারে আবার ভুলও হতে পারে। অতএব অন্য কারো জন্য এরূপ সিদ্ধান্ত গ্রহণ করার আর কোনই সুযোগ নেই। বরং হাদীসের বিপরীত সিদ্ধান্তকে পরিত্যাগ করে (তা যে কারো পক্ষ থেকেই হোক না কেন) হাদীসের সিদ্ধান্তের দিকে (নবী (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম)-এর সিদ্ধান্তের দিকে) ফিরে আসাই হচ্ছে সত্যের অনুসরণকারীর আলামত।

হাদিসের মান: মুনকার (সহীহ হাদীসের বিপরীত) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=72013>

হাদিসবিডিৰ প্রজেক্টে অনুদান দিন